

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়: ঈদের সালাত রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ঈদের সালাতের পূর্বে ও পরে সালাত আদায় করা

আবু মু'আল্লা রহ. বলেন, আমি সায়ীদ রাদিয়াল্লাহু 'আনহুকে ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমা থেকে বলতে শুনেছি যে, তিনি ঈদের পূর্বে সালাত আদায় করা মাকরূহ মনে করতেন।

ইবন 'আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমা থেকে বর্ণিত,

﴿ أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ يَوْمَ الْفِطْرِ، فَصَلَّى رَكْعَتَيْنِ لَمْ يُصَلِّ قَبْلَهَا وَلاَ بَعْدَهَا وَمَعَهُ بِلاَلُ»
"ताস्लूबार् সাল্লাল্লाহ আলাইহি ওয়াসাল্লাম বিলাল রাদিয়াল্লাহু 'আনহুকে সঙ্গে নিয়ে ঈদুল ফিতরের দিন বের হয়ে
দু'রাকা'আত সালাত আদায় করেন। তিনি এর আগে ও পরে কোনো সালাত আদায় করেননি।"[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৯৮৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10979

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন